# ট্রাস্ট ব্যাংক পিএলসি

লালমনিরহাট শাখা, লালমনিরহাট।

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

**(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক)**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **ট্রাস্ট ব্যাংক পিএলসি., লালমনিরহাট শাখা, লালমনিরহাট** এর খেলাপী ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স বিথি ড্রাগ হাউস প্রোপাইটরঃ-মোছাঃ শিরিনা বেগম, স্বামী-এ.কে.এম শাহজাহান বিপ্লব, মাতা-মোছাঃ ফাতেমা বেগম, ঠিকানা- গ্রাম/রাস্তাঃ কাশিপুর, ডাক-ভোলারচওড়া-৫৫০০, থানা/উপজেলা- লালমনিরহাট সদর, জেলা- লালমনিরহাট, ব্যবসায়িক ঠিকানাঃ ফার্ম পয়েন্ট সুপার মার্কেট, এয়ারফোর্ট রোড়, লালমনিরহাট-৫৫০০ এর নিকট **২০/০৫/২০২৬** ইং তারিখ পর্যন্ত মোট পাওনা ও আনুসাঙ্গিক অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদসহ ট্রাস্ট ব্যাংক পিএলসি. এর সর্বমোট ১৬,০৬,০০০/- (ষোল লক্ষ ছয় হাজার) টাকা পাওনা রহিয়াছে। উক্ত ঋণ পরিশোধের নিশ্চয়তা স্বরূপ নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ট্রাস্ট ব্যাংক পিএলসি. বরাবর বিগত **০১/০৩/২০১৫** ইং তারিখের **১১০৭** নং রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল ও **১১০৮** নং রেজিস্ট্রিকৃত আমমোক্তার নামা দলিল বলে উক্ত বন্ধককৃত সম্পত্তি বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত ট্রাস্ট ব্যাংক পিএলসি.এর পক্ষে ব্যবস্থাপক, **লালমনিরহাট শাখা, লালমনিরহাট** এর। উক্ত খেলাপী ঋণ গ্রহীতা ঋণের পাওনা টাকা পরিশোধ করিতে ব্যর্থ হওয়ায় ব্যাংক কর্তৃপক্ষ আদায়কালতক সুদ ও অন্যান্য খরচ সহ উক্ত পাওনা টাকা আদায়ের নিমিত্তে রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিল ও রেজিস্ট্রিকৃত অপ্রত্যাহারযোগ্য আমমোক্তার নামা দলিল বলে নিম্ন তফসিল বর্ণিত বন্ধকী সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### দরপত্রের শর্তাবলী

১) দরপত্র আগামী ২২/০৬/২০২৬ ইং তারিখ দুপুর ১৪:০০ ঘটিকার মধ্যে **ট্রাস্ট ব্যাংক পিএলসি., লালমনিরহাট শাখা, লালমনিরহাট** এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান অথবা রেজিষ্টীকৃত ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করিতে হইবে। ঐ দিনই বিকাল ১৫.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে এবং সর্বোচ্চ দরদাতাকে তফসিলী সম্পত্তি ক্রয়ে সর্বাগ্রে আহবান করা হবে। **(উল্লেখ থাকে যে, উক্ত ধার্য তারিখে যদি কোন কারণে সরকারি ছুটি ঘোষণা করা হয়, তাহলে পরবর্তী কার্যদিবসে উক্ত দরপত্র বাক্স খোলা হবে।)** ২) দরপত্র ক্রয়ে আগ্রহী দরপত্র দাতাগণ নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে দরপত্র দাতার নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর এবং প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে **"সম্পত্তি ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করিতে হইবে। ৩) প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর ১০ দশ লক্ষ টাকা পর্যন্ত হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০ দশ লক্ষ টাকার অধিক কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত হইলে ১৫% এবং উদ্ধৃত দর ৫০ লক্ষ টাকার উর্ধ্বে হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হইতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার-এর মাধ্যমে ট্রাস্ট ব্যাংক পিএলসি., **লালমনিরহাট শাখা, লালমনিরহাট** এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। ৪) অনূর্ধ্ব ১০ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে, ১০ লক্ষ টাকার উর্ধ্বে কিন্তু ৫০ লক্ষ টাকা পর্যন্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০ লক্ষ টাকার উর্ধ্বে  উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন। ৫) উপরোক্ত ৪ নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর ৩ নং শর্তের অধীনে নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাঁহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রির দাবীর সহিত সমন্বয় করা হইবে। ৬) তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলাম বিক্রয় হইবে এবং সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব পাওনাদার ব্যাংকসমূহের উপর বর্তাইবেনা। ৭) কম জামানত বা জামানত বিহীন ও শর্তযুক্ত দরপত্র/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে। ৮) দরপত্র প্রদত্ত সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্য কোন কারনে গ্রহনযোগ্য না হইলে ব্যাংক তাহা গ্রহনে বাধ্য থাকিবে না এবং কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ/গৃহীত বা যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ৯) সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্স সহ অন্যান্য যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে। ১০) আগ্রহী ক্রেতাগণ তফসিলভুক্ত সকল সম্পত্তি এক বা একাধিক তফসিলভুক্ত সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন। তবে, প্রত্যেক তফসিলের জন্য আলাদা দর উল্লেখ করিতে হইবে এবং একই তফসিলভুক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না। ১১) সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যায়ভার নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে । ১২) ট্রাস্ট ব্যাংক পিএলসি. কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। ১৩) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগন বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন বর্ণিত নম্বরে যোগাযোগ করিতে পারিবেন।

### বন্ধকী সম্পত্তির তফশীল সমূহ ঃ

জেলা- লালমনিরহাট, থানা + সাব রেজিষ্ট্রী অফিস লালমনিরহাট, মৌজা- তালুক খুটামারা, জেএল নং-১৮, জরিপ জেএল নং ১৭, সিএস খতিয়ান নং- ৯৬, এস এ খতিয়ান নং- ১০২,২৪/১ খারিজ খতিয়ান নং-২২৫২, বিআরএস খতিয়ান নং- ৯৫১ সিএস ও এস এ দাগ- ২৭৬৫, জমির  পরিমান- ০৬ শতক। মোট জমির পরিমান ০৬ শতক। চৌহদ্দিঃ উত্তরে- ৮ ফিট পাকা রাস্তা, দাক্ষিনে- মোঃ মানিক গনদের বাড়ি, পূর্বে - রঞ্জু মিয়া, পশ্চিমে- মোঃ জিল্লুর রহমান। মোট জমির পরিমান- ০৬ শতক।

**যোগাযোগঃ শাখা ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক পিএলসি., লালমনিরহাট শাখা, ঠিকানাঃ সীমান্ত শপিং কমপ্লেক্স (২য় তলা), হোল্ডিং নং-৭৫৫, মিশন মোড় জিরু পয়েন্ট, থানা-লালমনিরহাট, জেলা-লালমনিরহাট। মোবাইল নংঃ ০১৭৩০৩০৪৮৬৫, ০১৭২৯০৬৯৫৪৩।**

Size 8 x 2 Column
Pub: 00/05/2026 | Pary: M/S Bithi Drug
Branch: Lalmonihat Branch